রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগষ্ট ৫, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ই শ্রাবণ ১৪০৬/১লা আগষ্ট ১৯৯৯

এস, আর, ও নং ২০১-আইন/৯৯/২০৭-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৯ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা S-০৫৫ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্টিসমূহের পর নিম্নরূপ নূতন শিরনামা সংখ্যা ও এন্টিসমূহ যথাক্রমে কলাম (১), (২), (৩) ও (৪) এ সংযোজিত হইবে, যথাঃ—

| | | | |
|---|---|---|---|
| "S০৫৭ | S০৫৭·০০ | **বিদ্যুৎ বিতরণকারী** | (ক) আবাসিক ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের প'য়তাল্লিশ শতাংশ পরিমাণ অর্থ; |
| | | | (খ) বাণিজ্যিক ও দাতব্য প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের চল্লিশ শতাংশ পরিমাণ অর্থ; |



মূল্য : টাকা ১·০০

(গ) সেচ প্রকল্পে ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের দশ শতাংশ পরিমাণ অর্থ;

(ঘ) শিল্পখাত ও রাস্তার বাতিতে ব্যবহৃত বিদ্যুতের ক্ষেত্রে মোট বিদ্যুৎ বিলের পঞ্চাশ শতাংশ পরিমাণ অর্থ।"

২। এই প্রজ্ঞাপন ১০ই জুন, ১৯৯৯ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**ডঃ মোঃ রফিকুল ইসলাম**
প্রথম সচিব
মূসক (নীতি নির্ধারণ ও বাজেট)।

**মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়**
ঢাকা কর্তৃক মুদ্রিত।
**মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,**
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।